

■ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ২১৮৮

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ তর্ক-বিতর্ক বিষয়ক হাদীসসমূহ

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ : كُنَّا جُلُوسًا عَلَى بَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَتَذَاكِرُ يَنْزِعُ هَذَا بِأَيَّةٍ وَيَنْزِعُ
هَذَا بِأَيَّةٍ فَخَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَمَا تَفَقَّأَ فِي وَجْهِهِ حَبُّ الرُّمَانِ فَقَالَ يَا هُوَ لَاءُ
أَبِهِذَا بُعْثِنْتُمْ ؟ أَمْ بِهِذَا أُمِرْتُمْ ؟ لَا تَرْجِعُوا بَعْدِي كُفَّارًا يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضٍ

বাংলা

(২১৮৮) আবু সাউদ খুদরী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা আমরা নবী সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর (হজার) দরজার নিকট বসে (কুরআনের বিভিন্ন আয়াত নিয়ে) আলাপ-আলোচনা করছিলাম; ও একটি আয়াত নিয়ে এবং এ একটি আয়াত নিয়ে তর্ক-বিতর্ক করছিল। এমন সময় আল্লাহর রসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমত অবস্থায় আমাদের নিকট বের হয়ে এলেন, যেন তাঁর চেহারায় বেদানার দানা নিংড়ে দেওয়া হয়েছে। (অর্থাৎ রাগে তাঁর চেহারা লাল হয়ে গেছে।) অতঃপর তিনি বললেন, আরে! তোমরা কি এই করার জন্য প্রেরিত হয়েছ? তোমরা কি এই করতে আদিষ্ট হয়েছ?! তোমরা আমার পরে পুনরায় এমন কুফরী অবস্থায় ফিরে যেয়ো না, যাতে একে অপরকে হত্যা করতে শুরু কর।

ফুটনোট

(ত্বাবারানী ৫৩০৪, সহীহ তারগীব হা/১৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু সাউদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65936>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন